=২=

ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন-২ এর কম্পিউটার শাখায় ২টি লেজার প্রিন্টার ক্রয় বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকার অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-২ এর বিলিং কাজে ব্যবহৃত কম্পিউটার শাখার Hp Laserjet Pro 4002dn ও Hp Laserjet Pro 4004dn মডেলের ৩টি প্রিন্টার খারাপ হয়ে গেলে জোনের গ্রাহক তথ্য, বকেয়া প্রত্যয়ন পত্র, না- দাবী প্রত্যয়ন পত্র এবং অন্যান্য বিভিন্ন প্রিন্টিং কাজে জটিলতা দেখা দেয়। তাৎক্ষনিক প্রিন্টার ৩টি মেরামতের লক্ষ্যে এমআইএস ও বিলিং বিভাগে প্রেরণ করা হলে মালামালের অপ্রতুলতার দরুণ তা আর মেরামত করা সম্ভব হয় নাই। ফলে অত্র জোনের বকেয়া বিল আদায়ের সামারী, কলসুলেটেড বিল তৈরী, বকেয়া ও একাউন্ট এস্টেটমেন্ট রিপোর্ট, পানি ও পয়ঃ সংযোগের ক্লিয়ারেন্স প্রদান করা সহ দাপ্তরিক সার্বিক প্রিন্টিং কাজ ১(এক)টি মাত্র প্রিন্টার Hp Laserjet Pro 4002dn - এ করায় বিলিং ও সামগ্রিক রাজস্ব আদায় কার্যক্রম স্থবির হওয়ার উপক্রম। তাই জরুরী ভিত্তিতে অত্র অফিসে ২(দুই) টি লেজার জেট প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। তৎপ্রেক্ষাপটে স্থানীয় বাজার পরিদর্শন ও অভিজ্ঞ টেকনিশিয়ানের পরামর্শে HP Laser 1008a Single Function Mono মডেলের ২(দুই)টি প্রিন্টার জোনের কাজের জন্য উপযুক্ত বলে অনুমেয়। সুপরিচিত কম্পিউটার আমদানীকারক প্রতিষ্ঠান Rayans Computer- এর ওয়েবসাইটে উক্ত মডেলের প্রতিটি প্রিন্টারের বাজার মূল্য ১২,০০০/-(বারো হাজার টাকা) মাত্র দেয়া আছে। সেমতে দুইটি প্রিন্টারের সর্বমোট মুল্য ২৪,০০০/-(চব্বিশ হাজার টাকা) মাত্র ক্রয় করলে জোনের প্রিন্টিং জটিলতা নিরসন হবে। ফলে কাজের গতি বৃদ্ধি পাবে এবং বিলিং ও আদায় কার্যক্রম জোরদার হবে। উল্লেখ্য যে, কম্পিউটার ও প্রিন্টার এর প্রয়োজনীয়তা উল্লেখ করে গত ০৪/০২/২০২৫ ইং তারিখে (স্মারক নং- ১০০/রাঃ-জো-২) এর মারফত একটি নথি প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয়ের মাধ্যমে সিনিয়র সিস্টেম এনালিস্ট, এম আই এস ও বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা বরাবরে প্রেরণ করা হয়েছিল। কিন্তু অদ্যাবদি কোন প্রকার কম্পিউটার বা প্রিন্টার সরবরাহ করা হয় নাই। ২/১ মাসের মধ্যে সরবরাহের কোন সম্ভাবনাও নাই।

০২। এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ননার প্রেক্ষিতে এবং রাজস্ব জোন-২ এর রাজস্ব আদায় সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে HP Laser 1008a Single Function Mono মডেলের দুইটি প্রিন্টার ক্রয় বাবদ সর্বমোট=২৪,০০০/-(চব্বিশ হাজার টাকা) মাত্র অস্থায়ী অগ্রীম রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-২ এর অনুকূলে অত্র জোনের কম্পিউটার মেরামত খাত হতে বরাদ্দের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। অস্থায়ী অগ্রীম অনুমদিত হলে পরবর্তিতে খরচের প্রকৃত ভাউচারের মাধ্যমে উক্ত টাকা সমন্বয় করা হবে।

প্রে-৯৬/রাঃজো-২
২০/০৫/২০২৫

২০/৫/২০২৫
কুতুবুল আমিন
রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-২, ঢাকা ওয়াসা

RO Sir

CRO Sir

২৫/০৫/২৫
মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

২৮/৫/২০২৫
এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

ব্যবস্থাপকের দপ্তর, ঢাকা ওয়াসা

ডি এম ডি (অর্থ)
নং- ৭৮৮
তাং- ০২.০৬.২৫

DMD(F)
ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)

৩। প্রত্যেক নথির একটি নথি নম্বর থাকা প্রয়োজন। কিন্তু আলোচ্য নথিটিতে কোন নথি নম্বর নেই। উক্ত নথিতে এরকম চলমান ২ পৃষ্ঠার নোট প্রেরণ করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

নং-৮২৭/চিঠি
০৩/৮/২০২৫

৭/৮/২০২৫

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

CR/O

৪। সেবা নির্দেশনা-৩ অনুসরণীয়।

০৩/০৮/২৫

মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

CO

০৩/৮/২০২৫

রুহুল আমিন
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-২, ঢাকা ওয়াসা

RO (Z-2)